



**বিজিবি হতে বিলুপ্ত বিভিন্ন প্রকার মোটরযান এর নতুন খুচরা যন্ত্রাংশ এবং জলযান এর নতুন খুচরা যন্ত্রাংশ
পুনঃ নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি
বর্ডার গার্ড বাংলাদেশ**

৪৪.০২.১২০৫.০২.০১০.০২.৩১৭.১৭

তারিখ : ২২ নভেম্বর ২০১৭।

১। সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, লজিস্টিক শাখা, ইএমই পরিদপ্তর, পিলখানা, ঢাকার কেন্দ্রীয় টেকনিক্যাল স্টোরে মজুদকৃত নিম্নবর্ণিত মোটরযান এবং জলযানের খুচরা যন্ত্রাংশ নিলামে বিক্রয় করা হবে। এ প্রেক্ষিতে বাংলাদেশ এর যে কোন ব্যক্তি বা ব্যবসায়িক প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। যন্ত্রাংশের বিবরণ এবং অন্যান্য শর্তাবলী নিলাম সিডিউলে উল্লেখ করা আছে :

ক্র/নং	লট	মোটরযান এবং জলযানের নতুন খুচরা যন্ত্রাংশের বিবরণ	আইটেম সংখ্যা ও পরিমান
ক।	০১	টয়োটা জীপ, টয়োটা পিকআপ, নিশান পিকআপ, টয়োটা এ্যাম্বুলেন্স, টয়োটা কার এর নতুন খুচরা যন্ত্রাংশ	আইটেম-৭০২ প্রকার পরিমান-৩৫৫৬ টি
খ।	০২	ইস্যুজু ট্রাক, হিনো ট্রাক, বেডফোড ট্রাক, মিৎসুবিশি ট্রাক এর নতুন খুচরা যন্ত্রাংশ	আইটেম-৬০১ প্রকার পরিমান-১৫৪২১ টি
গ।	০৩	হোন্ডা ৮০ সিসি মোটর সাইকেল, এমবি ১০০ সিসি মোটর সাইকেল এবং ইয়াংগাং মোটর সাইকেল এর নতুন খুচরা যন্ত্রাংশ	আইটেম-২০৫ প্রকার পরিমান-২৪৬২ টি
ঘ।	০৪	স্পীড বোট এর ২৫ এইচপি ওবিএম ইঞ্জিন এর নতুন খুচরা যন্ত্রাংশ এবং সী ট্রাক এর ১৫০ এইচপি ইঞ্জিন এর নতুন খুচরা যন্ত্রাংশ	আইটেম-২১৩ প্রকার পরিমান-২৫৭৫ টি

২। দরপত্র সিডিউল আগামী ২৫ নভেম্বর ২০১৭ হতে ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটির দিন ব্যতীত) সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, লজিস্টিক্স শাখা, ইএমই পরিদপ্তর, ঢাকা এর অফিস হতে প্রতিটি লট নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে।

৩। দরপত্র সিডিউল যে কোন ব্যক্তি/ব্যবসায়িক প্রতিষ্ঠান ক্রয় সাপেক্ষে ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উল্লেখিত মালামাল সমূহ সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, লজিস্টিক্স শাখা, কেন্দ্রীয় ইএমই টেকনিক্যাল স্টোর, পিলখানা, ঢাকায় (সরকারী ছুটির দিন ব্যতীত) পরিদর্শন করা যাবে।

৪। দরপত্র আগামী ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ সকাল ০৮৩০ ঘটিকা হতে ১১৩০ ঘটিকা পর্যন্ত সময়ে সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, লজিস্টিক্স শাখা, ইএমই পরিদপ্তর অফিস এর সম্মুখে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই ১২০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

৫। বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক/পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষর

মহাপরিচালক এর পক্ষে